

স্মারক নং- ইআবি/জনসংযোগ তওপ/সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০১০৮
বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা / ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কর্মশালা- ২০২২ অনুষ্ঠিত


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ক একটি কর্মশালা- ২০২২ অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত উক্ত কর্মশালায় মূখ্য আলোচক ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য ও এপিএ টিম প্রধান, বরেণ্য লেখক ও কলামিস্ট প্রফেসর ড. মোঃ আবু তাহের। এসময় তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের উদ্দেশ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), জাতীয় গুণাচার কৌশল এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা করেন।

এছাড়াও কর্মশালায় প্রশিক্ষক হিসেবে আরো বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ এবং জনাব রফিক আহম্মদ সিদ্দিক, প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

উক্ত কর্মশালায় সময়ক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মো. রেজাউল হক। এছাড়াও আরো উপস্থিত ছিলেন উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মোঃ রফিক আল মামুন, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহম্মদ, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহম্মদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান সহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তাবৃন্দ।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


(মো. রেজাউল হক)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

